JAN. 1 0 2001

তারিখ ......
পৃষ্ঠা ৬ ...... কলাম ৩ ......

ভোরের কাগজ

# ১১ দফা আন্দোলন ও উনসত্তরের গণঅভ্যুত্থানের নেতৃত্বদানকারী ছাত্র নেতৃবৃন্দের পুনর্মিলনী

১১ দফা আন্দোলন এবং উনসত্তরের গণঅভ্যুত্থানে নেতৃত্বদানকারী ছাত্র নেতৃবৃন্দকে সংবর্ধনা দেওয়ার উদ্যোগ নেওয়া হয়েছে। এ উপলক্ষে ১১ দফা আন্দোলন এবং উনসত্তরের গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দানকারী ছাত্রছাত্রী নেতৃবৃন্দের পুনর্মিলন কমিটি সে সময়ে গঠিত সর্বদলীয় ছাত্র সংগ্রাম পরিষদের কেন্দ্রীয়, জেলা, মহকুমা এবং থানা কমিটির সকল সদস্যবৃন্দ ও ১৯৬৮-'৬৯ এবং ১৯৬৯-৭০-এ ছাত্রলীগ, ছাত্র ইউনিয়ন (মতিয়া), ছাত্র ইউনিয়ন (মেনন) এবং এনএসএফ (কামরান)-এর কেন্দ্রীয়, জেলা, মহকুমা ও থানা কমিটির সকল সভাপতি, সহসভাপতি, সাধারণ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক এবং ঐ একই সময়ে সকল বিশ্ববিদ্যালয়, বিশ্ববিদ্যালয়ের হল ও কলেজসমূহের নির্বাচিত ছাত্র সংসদের ভিপি এবং জিএসদের তাদের পাসপোর্ট আকারের এক কপি ছবি, বর্তমান কর্মস্থল, ঠিকানা ও ফোন নম্বর, ১১-দফা আন্দোলনে নিজের এবং সহকর্মীদের বিভিন্নমুখী কর্মকাণ্ডের বিস্তারিত বিবরণ ডাকযোগে অথবা ব্যক্তিগতভাবে পৌঁছে দিতে অনুরোধ জানানো হয়েছে।

১১ দফা আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেছেন তাদের প্রতিও যোগাযোগের অনুরোধ জানানো হয়েছে। মহাসম্মেলনকে সফল করার লক্ষ্যে ২০ জানুয়ারি ২০০১, রোজ শনিবার সকাল ৯টা থেকে ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনের সেমিনার কক্ষে (রমনা; ঢাকা) এক প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হবে। উক্ত প্রস্তুতিমূলক সভায় যোগ দিয়ে প্রস্তাবিত মহাসম্মেলনকে সফল করার জন্য সকল ছাত্রনেতৃবৃন্দের প্রতি আহ্বান জানানো হয়েছে। যোগাযোগের ঠিকানা : প্রকৌশলী এস আই এম নূরুন্নবী খান বীর বিক্রম (ইউকসু ভিপি ১৯৬৮-৬৯), আহ্বায়ক, ১১ দফা আন্দোলন এবং উনসত্তরের গণ-অভ্যুত্থানে নেতৃত্বদানকারী ছাত্রছাত্রী নেতৃবৃন্দের পুনর্মিলনী কমিটি, আবাস নিবাস, ৪৯৪/১, শেওড়াপাড়া, মিরপুর, ঢাকা-১২১৬, ফোন : ৯১১৩১০৩, ৮১১২৬৩৯, ফ্যাক্স : ৮৮০-২-৮১১২৬৩৯, E-mail : ecl@bangla.net